


প্রকাশ : সোমবার, ৯ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ৮ নভেম্বর, ২০১৫ ২৩:২২

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

ট্রাকস্ট্যান্ডের অবৈধ স্থাপনা সরাতে আলটিমেটাম

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

রাজধানীর তেজগাঁও ট্রাকস্ট্যান্ড থেকে সব অবৈধ স্থাপনা উচ্ছেদ ও পার্কিং বন্ধে আগামী ২৭ নভেম্বর পর্যন্ত শেষ সময় বেঁধে দিয়েছেন ঢাকা উত্তর সিটি মেয়র আনিসুল হক। গতকাল দুপুরে তেজগাঁও ট্রাকস্ট্যান্ডে সিটি করপোরেশনের উদ্যোগে উচ্ছেদ অভিযান করতে গেলে ট্রাক মালিক সমিতির নেতারা মেয়রের কাছে সময় চান। তাদের অনুরোধের পরিপ্রেক্ষিতে আনিসুল হক এই সময়সীমা ঘোষণা করেন। ঘোষণা অনুযায়ী, আগামী ২৮ নভেম্বর থেকে শুরু হবে পূর্ণাঙ্গ উচ্ছেদ কার্যক্রম। জানা যায়, ট্রাকস্ট্যান্ড থেকে তাৎক্ষণিক কিছু অবৈধ স্থাপনা সরাতে উচ্ছেদ অভিযান শুরু করে সিটি করপোরেশনের কর্মকর্তারা। এ সময় বুলডোজার দিয়ে অন্তত ১০টি দোকান, খাবার হোটেল ও গ্যারেজ গুঁড়িয়ে দেওয়া হয়। মেয়রের নির্দেশনার পর ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতির নেতারা জানান, সিটি করপোরেশনের বেঁধে দেওয়া সময়ের মধ্যেই অবৈধ স্থাপনা সরিয়ে নিতে ব্যবস্থা নেবেন তারা।